সিভিল আইনী সাহায্য - আপনাকে যা মূল্য দিতে হবে

এটি গুরুত্বপূর্ণ যে, আপনার সলিসিটর আপনার জন্য কাজ শুরু করার আগে আপনি বুঝতে পেরেছেন, আপনাকে কত অর্থ প্রদান করতে হবে।

এই প্রচারপত্রটি ব্যক্ত করছে:

- আপনাকে কত অর্থ প্রদান করতে হবে
- অর্জিত অথবা গচ্ছিত সম্পত্তি বলতে আমরা কি বুঝি
- "ক্লব্যাক"বলতে আমরা কি বুঝি।

তথ্যটি সিভিল লিগ্যাল এইড অথবা নির্দেশ এবং সহযোগিতার ক্ষেত্রে প্রয়োগ করা হয়। আপনি আপনার সলিসিটরকে বিশদে ব্যখ্যা করতে জিজ্ঞাসা করবেন যে কিভাবে এই প্রচারপত্রের কোন বিষয়বস্তু আপনার মামলাকে প্রভাবিত করতে পারে।

আমাদের সঙ্গে যোগাযোগ করুন

আপনি কি চান

- আপনার সবচেয়ে কাছের আইনী সাহায্য সলিসিটর কে খুঁজে নিতে
- আইনী সাহায্য সম্বন্ধে আরো বেশী করে জানতে
- আমাদের পুস্তিকা পাওয়া জন্য আদেশ করতে

তবে **0845 122 8686** নম্বরে আমাদের **আইনী সাহায্য সহায়তা সংযোগ** এ যোগাযোগ করুন (সপ্তাহে সাত দিন সকাল সাতটা থেকে রাত্রি এগারোটা পর্য্যন্ত খোলা থাকে) অথবা আমাদের ওয়েব সাইট **www.slab.org.uk** পরিদর্শন করুন। আমাদের ওয়েব সাইটে আমাদের পরিষেবার মানের বিবরণ দেওয়া আছে।

আমরা আইনী সাহায্য সরাসরি প্রদান করি **না**, তা সলিসিটররা করে থাকেন - আমরা আইনী সাহায্য পদ্ধতি পরিচালনা করি।

আমাদের ঠিকানাঃ 44 Drumsheugh Gardens, Edinburgh EH3 7SW।
আমাদের সাধারণ টেলিফোন নম্বর **0131 226 7061**। BT টেক্সট-ডাইরেক্ট দ্বারা কলকে স্বাগত ।
অথবা আমাদের ই-মেইল **general@slab.org.uk**.

অন্যান্য দরকারী যোগাযোগ

ল' সোসাইটি অফ স্কটল্যান্ড, 26 Drumsheugh Gardens, Edinburgh EH3 7YR
টেলিফোন: 0845 113 0018
ওয়েব সাইট: **www.lawscot.org.uk**

সংগঠনগুলি থেকে নিঃশুল্ক নির্দেশগুলি গ্রহণসাধ্য উদাহরণস্বরূপ স্কটল্যান্ড নাগরিক নির্দেশ (www.cas.org.uk), অর্থ নির্দেশ কেন্দ্রগুলি (www.moneyadvicescotland.org.uk) এবং নিরাপদ আশ্রয়(যেটি গৃহ সংক্রান্ত বিষয়গুলিকে সহায়তা করে, www.scotland.shelter.org.uk)। অনুগ্রহ করে তাদের ওয়েবসাইটে যান অথবা তাদের যোগাযোগের বিশদ বিবরণের জন্য ইয়েলো পেজগুলি দেখুন।

আমাদের পুস্তিকা

- সিভিল আইনী সাহায্য এর একটি পথনির্দেশক।
- সিভিল আইনী সাহায্য - আবেদনকারীর জন্য তথ্য।
- সিভিল আইনী সাহায্য - আপনাকে যা খরচ দিতে হবে।
- সিভিল আইনী সাহায্য মামলায় বিরোধীদের জন্য নির্দেশ নামা।
- শিশুদের জন্য সিভিল আইনী সাহায্য।
- স্কটিশ আইনী সাহায্য বোর্ড সম্বন্ধে নালিশ এবং সমালোচনা।
- তথ্যের জন্য প্রবেশাধিকার।

সূচীপত্র

1. নাগরিক আইনী সাহায্য কি ফ্রি (নিঃশুল্ক) ?
2. বিরোধীদের দ্বারা প্রদেয় খরচ।
3. কনট্রিবিউশন বা পরিশোধ
4. রক্ষিত বা প্রাপ্ত সম্পত্তি।
5. আমার সলিসিটর ব্যক্তিগতভাবে আমার হয়ে কাজ করার পরামর্শ দিলে কি হয়?
6. আপনি আমার সলিসিটরের জন্য কত খরচ দেবেন তা সম্পর্কে আমার কিছু বলার আছে কি?
7. একজন বিরোধী পক্ষের খরচ প্রদান করা।
8. আমি আপনাকে যা তথ্য জানাব তা কিভাবে ব্যবহার করা হবে?
9. আমি আপনার বা আমার সলিসিটরের কাজে অসন্তুষ্ট থাকলে কি হবে?
10. উদাহরণ।

আপনি দুইধরনের আইনী সাহায্য পেতে পারেন: ‘উপদেশ এবং সহায়তা’ এবং ‘সিভিল লিগাল এইড’ একসঙ্গে যাকে বলে ‘**সিভিল লিগাল সহায়তা**’

- প্রথমত **'উপদেশ এবং সহায়তা'**। এইটি আপনাকে সলিসিটরের নিকট থেকে স্কটিশ আইনের যে কোন ব্যাপারে, সিভিল অথবা অপরাধমূলক উপদেশের খরচ দিতে সাহায্য করবে - যেমন, কোন কোর্টে না গিয়ে সলিসিটরের মারফৎ আপনি যেকোন বিবাদ মেটাতে পারেন। তবে কিছু ব্যতিক্রম আছে, পুস্তিকাটি কোন 'প্রতিনিধিত্ব' মানবে না, যা আপনার মামলাকে কোর্টে নিয়ে যেতে পারে।

- দ্বিতীয়তঃ সিভিল আইনী সাহায্য (যেহেতু এই পত্রিকাটি শুধু সিভিল আইনী সাহায্য নিয়ে আলোচনা করে, সুতরাং 'আইনী সাহায্য' বলতে আমরা সিভিল আইনী সাহায্য বুঝি) এটি আপনাকে সলিসিটরকে খরচ মেটাতে সাহায্য করবে যেহেতু উনি আপনার হয়ে কোর্টে লড়বেন। এতে প্রস্তুতির কাজ এবং তৎসঙ্গে শুনানিও অর্ন্তভুক্ত । এটা প্রয়োজনে উকিল এবং পারদর্শিদের তহবিল প্রদান করবে।

কিছু মানুষের শুধু উপদেশ এবং সাহায্যের দরকার, এবং অন্যদের দরকার শুধু আইনী সাহায্য। অনেক লোক 'উপদেশ এবং সহায়তা' দিয়ে শুরু করে আইনী সাহায্যর জন্য আবেদন করে থাকেন

1. নাগরিক আইনী সাহায্য কি ফ্রি (নিঃশুল্ক) ?

সর্বদা নহে । আপনার মামলার খরচের জন্য কিছু খরচ করতে হতে পারে। তিনটি অবস্থায় যেখানে আপনাকে মূল্য দিতে হতে পারে।

- যদি আপনার রোজগার - এবং, আইনী সাহায্যের জন্য সঞ্চয় - কোন একটা নির্দিষ্ট মাত্রায় উপর থাকে - এই পুস্তিকার 3 নম্বর ধারা আপনাকে বিস্তারিত জানাবে, এবং আপনি যখন আপনার মামলার জন্য প্রথম সলিসিটর এর শরনাপন্ন হবেন তখন উনি আপনাকে বিস্তারিত জানাতে পারেন। আমাদের পুস্তিকার 'সিভিল আইনী সাহায্য এর একটি পথনির্দেশক' আপনাকে খবরাখবর দিবে।
- আপনার সলিসিটরের দরুন আপনি যদি টাকা বা সম্পত্তি কষ্ট করে অর্জন করেন বা সংরক্ষিত রাখেন (পুনরুদ্ধার বা সঞ্চিত) – এইটি ব্যবহার করে আপনার মামলার খরচ প্রদান করেন তবে এটাকে 'ক্লোব্যাক' বলে। সলিসিটরকে জিজ্ঞেস করে আপনার মামলার খাতিরে 'ক্লোব্যাক' এর জন্য আবেদন করতে হবে কি না বা 'ক্লোব্যাক' কি তা জেনে নিন।
- আপনি যদি মামলা হেরে যান বা কোর্ট যদি বিবাদীর খরচ প্রদান করার জন্য আপনাকে আদেশ করে - আইনী সাহায্য শুধুমাত্র আপনার নিজের বৈধ খরচ বহন করবে। কিন্তু

আপনি যেহেতু আইনী সাহায্যের আওতায় সুতরাং কোর্টের নিকট থেকে আপনার খরচের নিয়ন্ত্রণ চেয়ে নিন।

1.1. কিভাবে আমার সলিসিটরের খরচ মেটাতে হবে?

আমরা আপনার সলিসিটরের খরচ মিটিয়ে দেব। যাহোক, আমরা সরকারী তহবিল ব্যবহার করে আপনার মামলার খরচ মিটিয়ে দিই এবং এটা গুরুত্বপূর্ণ যে সম্ভবানুসারে তহবিল পুনরায় ফিরিয়ে দেওয়া হয়। যদি কেউ ব্যক্তিগত ভাবে তাদের আইনী সাহায্য সহায়তার জন্য খরচ করে থাকে তবে এই একই দরখাস্তে এই ব্যাক্তি আইনী সাহায্য পেতে থাকেন ।

উপদেশ এবং সহায়তা

আপনার উপদেশ এবং সহায়তার খরচ মিটিয়ে দেওয়া হয়ঃ

- প্রথমতঃ যে কোন অনুদান থেকে আপনাকে সলিসিটরের খরচ দিতে হবে।
- দ্বিতীয়তঃ যে কোন খরচ থেকে আপনার বিবাদী খরচ মিটিয়ে দিবে, কারন বিবাদীপক্ষ মধ্যস্থতার চুক্তিতে চলে যায় বা কোর্ট তাকে এটা করতে আদেশ করে।
- তৃতীয়তঃ যদি প্রথম দুইটি পদ্ধতি কার্যকরী না হয় তবে আপনার 'উপদেশ এবং সহায়তা' (ক্লোব্যাক) এর মাধ্যমে প্রাপ্ত সম্পত্তি থেকে খরচ মিটিয়ে দেওয়া হয়। যদি দেনা আপনাকে অনেক কষ্টের মধ্যে রাখে তবে আপনাকে তা নাও করতে হতে পারে।
- শেষতঃ, যদি তিনটি পদ্ধতিই কার্যকরী না হয় তবে আমাদের তহবিল থেকে তা মিটিয়ে দেওয়া হবে।

উপদেশ এবং সহায়তার জন্য যদি আপনাকে কিছু দিতে হয় তবে আপনি আপনার সলিসিটরকে সরাসরি তা দিয়ে দিন।

আইনী সাহায্য

আপনার আইনী সাহায্যের খরচ বহন করতে আমরা যা ব্যবহার করবঃ

- প্রথমতঃ যে কোন খরচ যা আপনার বিবাদী মেটাবেন।
- দ্বিতীয়তঃ যে কোন অনুদান যা আমাদেরকে দিতে হবে।
- তৃতীয়তঃ প্রথম দুইটি শর্ত যথেষ্ট না হলে ক্লোব্যাক এর মাধ্যমে আপনার প্রাপ্ত সম্পত্তিকে আমরা ব্যবহার করব।

- চতুর্থতঃ যদি তিন তিনটে শর্ত যথেষ্ট না হয়, আমরা আমাদের নিজস্ব তহবিল ব্যবহার করব।

যদি আপনার বিবাদী তার দেনা শোধ না করে তখন আমাদের কথামত আপনার অবদানকে আমরা ব্যবহার করব, আপনার সম্পত্তিকে আমরা ব্যবহার করব যাতে আপনার সলিসিটরের খরচ আমরা মেটাতে পারি। আপনার বিরোধীপক্ষের নিকট থেকে টাকা না পাওয়া পর্যন্ত আপনার কোন অবদানকে আমরা ফেরত দিতে পারি না, যতক্ষণ না পর্য্যন্ত আমরা আপনার সলিসিটর কে যত দিয়েছিলাম তার চাইতে বেশী আপনি দিতে পারেন।

আইনী সাহায্য এর জন্য আপনাকে যদি কিছু দিতে হয়, আমাদেরকে তা দিন।

এই পুস্তিকায় আমরা এই প্রত্যেকটা অবস্থা নিয়ে আলোচনা করেছি। যদি আপনি মামলায় হেরে যান এবং কোর্ট যদি আপনাকে বিবাদীপক্ষের খরচ প্রদান করতে বলে তখন কি হবে এই নিয়ে আমরা আলোচনা করছি।

2. বিবাদী কি খরচ দেবে ?

2.1 'উপদেশ এবং সহায়তা'

যদি আপনার বিবাদী আপনার সব বা আংশিক খরচ দিতে চায় বা যদি কোর্ট তাকে দিতে বলে, আমরা এই টাকা আপনার সলিসিটরের খরচ মেটাতে ব্যবহার করব। যাইহোক, এটা এই বোঝায় না যে 'উপদেশ এবং সহায়তার' জন্য আপনি সলিসিটর যা দিয়েছিলেন তা ফিরৎ দেবেন।

2.2 আইনী সাহায্য

আপনি যদি মামলায় জয়লাভ করেন, আপনার বিবাদী আপনার সব বা আংশিক খরচ প্রদান করবে অথবা কোর্ট বিবাদীকে তা করতে বলবে। যদি এইসব খরচ আমাদেরকে প্রদান করা হয় তবে আইনী সাহায্যের প্রতি আপনার অবদানকে আমরা মিটিয়ে দিতে পারি। বিবাদীর নিকট থেকে খরচ বহন করতে আমরা বা আপনার সলিসিটর কোর্টের প্রতিক্রিয়ায় সাহায্য নিতে পারে। আবার কিছুক্ষেত্রে বিবাদী খরচ নাও মেটাতে পারে।

3.অনুদান বা কনট্রিবিউশন

3.1 আপনার যখন অনুদান (কনট্রিবিউশন) দিতে হতে পারে

আপনি যদি 'উপদেশ এবং সহায়তার' জন্য বা পূর্ণ আইনী সাহায্যের জন্য আবেদন করেন, আপনাকে অনুদান দিতে হতে পারে - এটা নির্ভর করবে আপনার আর্থিক অবস্থার উপর। আপনি যদি 'উপদেশ ও সহায়তা' এবং আইনী সাহায্য পেয়ে থাকেন তবে আপনাকে অনুদান দিতে হবে।

'উপদেশ এবং সহায়তা'

উপদেশ এবং সহায়তার জন্য আপনার অনুদান দিতে হবে কি না, তা সলিসিটর জানিয়ে দিবেন।

আইনী সাহায্য

আপনার যদি অনুদান দিতে হয় তবে, কখন আপনাকে আইনী সাহায্য মঞ্জুর করা হবে তা আমরা জানিয়ে দেবো। আইনী সাহায্য কত বা কিভাবে তার হিসাব হবে আপনি জেনে নেবেন।

আপনার আবেদনপত্রের বিবরণ দেখে আমরা জানব যে দৈনন্দিন খরচের পর আপনার রোজগার বা মূলধন থেকে কত অবশিষ্ট থাকে এবং আপনি কত দিতে সমর্থ। এটা নির্ভর করে স্কটল্যাণ্ডের সংসদের নিয়ন্ত্রণের উপর।

রোজগারের উপর নির্ভর করে আপনাকে যদি অনুদান করতে হয়, আপনি কিস্তিতে টাকা দিতে পারেন। কতদিন পর্য্যন্ত এবং কতটা কিস্তি দিতে হবে তা জেনে নেবেন। এটা নির্ভর করবে আপনার মোট দেনার উপর। আপনি যদি নির্দ্দিষ্ট সময়ের মধ্যে দিতে না পারেন, কখনো কখনো আমরা সময় বাড়িয়ে দেই, তবে আপনাকে কারণ দর্শাতে হবে। আপনার ট্রেজারী বিভাগের কর্মকর্তারা আপনার সঙ্গে এই ব্যাপারে আলোচনা করতে পারেন ।

আপনি যদি কোনকারণে কিস্তি বন্ধ করে দেন, আমরা আপনার আইনী সাহায্য বন্ধ করে দেব। ফলে আপনার সলিসিটর আপনার হয়ে আইনী সাহায্যের কাজ বন্ধ করে দেবেন। আপনার মামলার (কেস) খরচ বহন করতে আপনার অনুদানের বাকী অংশটুকুও তখন পর্য্যন্ত আপনাকে দিতে হবে বা আপনার সলিসিটরকে যে টাকা আমরা দিয়েছিলাম তা দিতে হবে তবে দুইটির মধ্যে যেটি কম সেটি দেবেন।

মূলধনের উপর নির্ভর করে অনুদান (সঞ্চয় এবং সম্পত্তির মূল্যায়ন করে যেটা আপনার আছে) তা একই কিস্তিতে দিতে হবে।

এটা গুরুত্বপূর্ণ যে আপনার মামলার সম্ভাব্য খরচ পড়বে তা সলিসিটরকে হিসেব করে বলুন এবং আমাদের আপনার মামলার সম্ভাব্য খরচ জানান। এতে আপনার টাকা বাঁচবে কারন, আপনার মামলার খরচের জন্য টাকার অনুদানকে আমরা প্রারম্ভিকভাবে নিয়ন্ত্রণ করে নেব। কিন্তু মূল্যায়নের চাইতে যদি মামলায় বেশী টাকা খরচ হয়ে মামলা শেষ হয়ে যায়, তখন আমরা যা যা ব্যবধান দেখব তা নিম্নরূপঃ

- মূল্যায়ন এবং অনুদান যেটা আমরা হিসেব করেছিলাম তা আপনার ক্ষমতানুসারে হয়েছিল।
- মামলার মূল্যায়ন খরচ এবং প্রকৃত খরচ ।

আপনাকে তখন এই দুই পরিমানের মধ্যে কম পরিমানটি দিতেই হবে।

আপনি মামলার জন্য যত টাকা দিয়েছেন তার চাইতে যদি টাকা কম খরচ হয় তবে আপনি আপনার অনুদানের কিছু অংশ ফিরিয়ে পাবেন। কিছু খরচ যদি আপনার বিবাদী পক্ষ দিয়ে থাকে তাও আপনি ফিরিয়ে পাবেন।

3.2 আপনার অনুদান ব্যবহার করে

উপদেশ এবং সাহায়তা

উপদেশ এবং সহায়তার জন্য আপনি আপনার অনুদান (কনট্রিবিউশন) ফিরে পাবেন না, এমন কি আপনার বিবাদীও আপনার মামলার খরচ প্রদান করলেও।

আইনী সাহায্য

আইনী সাহায্য এর জন্য যদি আপনার বিবাদী মামলার খরচ করে, আমরা সেই টাকাটা আপনার সলিসিটরের খরচ মেটাব । যাইহোক, আপনার বিবাদী যে টাকাটা দেবে সেই টাকা যদি আমাদের জন্য যথেষ্ট না হয় তবে আপনার দেওয়া যে কোন অনুদানকে আমরা ব্যবহার করব.

আপনি আপনার সম্পূর্ণ অনুদান ফিরে পাবেন যদিঃ

- কোর্ট সিদ্ধান্ত নেয় যে আপনার বিবাদী আপনার খরচ প্রদান করবে।
- বিবাদী আসলে প্রদান করে, এবং
- সেই ধনরাশি আপনার সলিসিটারের খরচ পূরণ করবে।

আপনি আংশিক অবদান ফিরে পাবেন যদি

- আমরা যে টাকাটা আপনার সলিসিটরকে দিয়েছি সেটা যদি আপনার আমাদের কে দেওয়া টাকা থেকে কম হয়।
- আমরা আপনার বিবাদী থেকে খরচের কিছু টাকা ফিরে পাই।

4. অর্জিত বা রক্ষিত সম্পত্তি

4.1 সম্পত্তি অর্জন বা রক্ষণ করা কি বুঝায়

'উপদেশ এবং সহায়তা' বা আইনী সাহায্য মারফৎ যদি আপনি কোন সম্পত্তি পেয়ে থাকেন যা আপনার পূর্বে ছিল না, তা আপনি পেয়ে যাবেন। যদি আপনি কোন সম্পত্তি রাখতে চান বা কেউ আপনার নিকট থেকে নেওয়ার চেষ্টা করেছিল, তা রাখতে পারেবেন, কখনো কখনো আপনি 'রিকোভারিং' বা 'প্রিজার্ভিং ' সম্পত্তি বলে কিছু শব্দ শুনতে পাবেন - এটা শুধু সম্পত্তি অর্জন করা বা রাখা বুঝায়।

আপনার মামলার ফলস্বরূপ যদি আপনি কোন সম্পত্তি অর্জন করেন বা রাখেন তবে তার কিছু বা সম্পূর্ণটা আমাদেরকে দিতে পারেন যা দিয়ে আমরা আপনার সলিসিটারকে যা দিয়েছিলাম তা পূরণ করব. এটাকে কোনো কোনো সময় 'ক্লোব্যাক' বলে. যখন এই ধরণের অবস্থা আপনার ক্ষেত্রে প্রয়োগ করা হবে তখন সলিসিটার আপনাকে খবরাখবর দেবে বা এই বলবে যে কোন টাকাটা বা সম্পত্তিটা আপনাকে প্রয়োগ করতে হবে না।

সম্পত্তি মানে অনেক জিনিস অর্থাৎ আপনার কোন বাড়ী বা বাড়ীর সমতুল্য অন্যকিছু, অথবা কিছু ধনরাশি

উদাহরণঃ

- একটি বাড়ী
- শেয়ারস্
- জীবন বীমা
- টাকা যা আপনার পতি/পত্নী বা কোন সঙ্গী দেবে যখন আপনি সামাজিক সম্পর্কের বিচ্ছেদ ঘটাবেন ।
- ক্রিমিন্যাল ইনজুরিস কমপেন্সেসন্ অথরিটী দ্বারা প্রাপ্ত ধনরাশি।
- যে কোন উপায়ে প্রাপ্ত ক্ষতিপূরনের ধনরাশি ।

এগুলি শুধুমাত্র উদাহরণ, এবং সম্পত্তি বলতে যে কোন মূল্যবান জিনিষ বুঝাতে পারে। উপদেশ ও সহায়তা এবং সিভিল আইনী সাহায্য এর মধ্যে কিছু ব্যবধান আছে যা আপনার সলিসিটার আপনাকে এই বিষয়ে আরো অবগত করবেন ।

4.2 ক্লব্যাক কি ধরণের মামলা কার্য়করী করবে

একমাত্র টাকা এবং সম্পত্তির মামলায় ক্লব্যাক প্রযোজ্য। উদাহরণস্বরূপ, বিবাহ বিচ্ছেদ মামলায় কোর্ট কে প্রায়ই এই সিদ্ধান্ত নিতে হয় যে কিভাবে আপনার এবং আপনার পতি/পত্নীর ধন বা সম্পত্তি যেমন ঘর, এনডোমেন্ট ডিভাইস অথবা পেনসন ভাগ করে দেবে। অথবা আপনি আপনার পতি বা পত্নী থেকে এটা চাইতে পারেন। অন্যান্য মামলায় আপনি কোন লোকসান বা ক্ষতির জন্য ক্ষতিপূরণ পাওয়ার চেষ্টা করতে পারেন।

আপনি আপনার সলিসিটারকে যা জিজ্ঞেস করা উচিত

- কেসের শুরুতে ক্লোব্যাক আবেদন করতে পারবে কি তা বলার জন্য।
- কেসের যে কোন ধরনের পরিবর্তন সম্বন্ধে আপনাকে জানানো।
- আপনাকে কতটাকা দিতে হবে তা বলার জন্য।

4.3 ক্লোব্যাক নিয়ম থেকে কোন কিছু রেহাই আছে কি?

হ্যাঁ বেশীরভাগ বৈবাহিক ক্ষেত্রে বা নাগরিক বন্ধুত্বের ক্ষেত্রে আপনি প্রথম £5,009 রাখতে পারেন। এই ফিগার বৎসরে একবার পুনরীক্ষণ করা হয়।

4.4. ক্লোব্যাক নিয়মের জন্য আবেদন করতে গিয়ে আপনার কোন স্বেচছামত কাজ করার স্বাধীনতা কি আছে

উপদেশ এবং সহায়তা

উপদেশ এবং সহায়তার জন্য আমরা এই বিবেচনা করতে পারি যে আপনার অর্জিত বা রক্ষিত সম্পত্তি থেকে আপনার দেনা আপনাকে কোন সাংঘাতিক অসুবিধায় ফেলতে পারে কি না।

আপনার সলিসিটারকে যদি আমাদের টাকা দিতে হয় (কারন উপদেশ এবং সহায়তার জন্য আপনার অর্জিত বা রক্ষিত সম্পত্তি থেকে আপনি ওদেরকে কোন টাকা দেন নি) তখন আপনার নিকট থেকে ঐ টাকা পাওয়ার জন্য আমরা লিগাল একশ্যান নিতে পারি।

আইনী সাহায্য

বৈধ সাহায্যের জন্য আমরা সাংঘাতিক কোন সমস্যার সম্মুখীন হতে পারি না.

4.5 আমি যা টাকা অর্জন বা রক্ষন করি আপনি কি তা সব নিতে চান

আপনার কেসের জন্য আমরা যা টাকা দিয়েছি তার মধ্য যদি কোন কম পড়ে তবে তার জন্য আমরা আপনার রক্ষিত বা অর্জিত সম্পত্তি থেকে সেই পরিমাণ টাকা নিয়ে নেবো।

- যে কোনো খরচ যা আপনার বিবাদী দিয়েছিল এবং
- (লিগাল এইডে) যে কোনো অনুদান আপনি দিয়েছিলেন।

আপনার বিবাদী খরচ দিতে দেরি করলে আমার যথেষ্ট টাকা টেনে নেবো সেই টাকা পূরণ করার জন্য। আমরা এটাকে সুদ-রোজগার অ্যাকাউন্ট এ রাখব এবং আপনাকে সুদ দেব।

4.6 মামলার ফলস্বরূপ যদি কেহ বাড়ী রেখে দেয় বা জয় করে নেয়, তাদেরকে কি দেনা টাকা দেওয়ার জন্য বিক্রয় করতে হবে?

না, আমরা আপনাকে কিস্তিতে টাকা দিতে বলব অথবা টাকা দেরীতে দিতে বলব যাইহোক, আপনি যদি বাড়ী বিক্রয় না করা পর্য্যন্ত টাকা দিতে দেরী করেন, আপনাকে দেনা টাকার উপর সুদ দিতে হবে, এবং আপনার বাড়ীর উপর একটি স্ট্যাণ্ডার্ড সিকিউরিটি নেব এই নিশ্চিত করে যে আমরা পরিণামস্বরূপ টাকা পাচ্ছি। এই ব্যাপারে কি জড়িত আছে তা সলিসিটার জানিয়ে দেবেন ।

এখানে হয়তো আরো অন্য উপায় আছে আমাদের কে টাকা দেওয়ার - উদাহরণস্বরূপ, আপনি ব্যাঙ্ক লোন (ঋণ) পরে পেতে পারেন। আমরা যেকোন সময় আপনার ঋণের টাকা সম্বন্ধে খবরাখবর দিতে পারি যাতে আপনি স্থির করতে পারেন আপনার জন্য সবচেয়ে ভাল কি হবে।

ক্লোব্যাক স্বরূপ আপনাকে কি দিতে হবে তার উদাহরণের জন্য সেকশন 10 দেখে নিন।

5. আমার সলিসিটার আমার জন্য ব্যক্তিভাবে কাজ করার পরামর্শ দিলে কি হবে?

আমরা যদি আপনাকে আইনী সাহায্য মঞ্জুর করি, আপনার সলিসিটার অতিরিক্ত কাজ করতে হলে (যেমন দক্ষ লোক বা উকিল ভাড়া করা) আমাদের সম্মতির প্রয়োজন । আমরা যদি চাই যে আপনার সলিসিটার অতিরিক্ত কাজ করুন বা আরও টাকা খরচ করুন, তারা আপনার মামলা উপদেশ এবং আদেশ বা আইনী সাহায্য দিয়ে চালানো কালীন আপনাকে আলাদা করে টাকা দেওয়ার জন্য বলতে পারে না।

আমরা যদি আপনাকে আইনী সাহায্য অস্বীকার করি অথবা কোন কারনে যদি আপনার আইনী সাহায্য বন্ধ হয়ে যায় আপনার সলিসিটার আপনার হয়ে ব্যাক্তিগতভাবে কাজ করার পরামর্শ দিতে পারে। যদি তাই ঘটে আমরা সুপারিশ করি যে আপনিঃ

- ওদেরকে জিজ্ঞেস করে এর সম্পূর্ণ কারন জেনে নিন।

- ওরা আপনার হয়ে কাজ শুরু করার পূর্বে নিশ্চিন্ত হয়ে যান যেনো আপনি ওদের ব্যবসার শর্ত বুঝতে পারেন।

মনে রাখবেন, আমাদের আর্থিক কর্মদক্ষতা নিয়ে যদি আপনার কোন প্রশ্ন থাকে আপনি আমাদের ফিনান্সিয়াল অ্যাসেসমেন্ট ইউনিট - এ যোগাযোগ করতে পারেন (ভিতরের প্রচ্ছদ দেখে নিন)।

6. আমার সলিসিটারকে কত টাকা দেবেন তা নিয়ে কি আমার কোন বক্তব্য আছে?

আমরা সলিসিটারকে যা দিই তা সাধারণতঃ আইন দ্বারা প্রতিষ্ঠিত, যা কাজ করা হয়েছে এবং তার খরচ যুক্তিযুক্ত কি না তার জন্য আমরা তাদের রসিদ পরীক্ষা করি।

উপদেশ এবং সহায়তা

উপদেশ এবং সহায়তার জন্য, সলিসিটারকে আরও কাজ করতে গিয়ে আমাদের অনুমতি নিতে হয় যদি তারা মনে করে যে আমাদের বেধে দেওয়া তহবিল থেকে কাজে খরচ বেশী হবে। উপদেশ এবং সহায়তার আওতায় কোন অতিরিক্ত কাজ যুক্তিপূর্ণ কি না তা আমরা স্থির করি। উপদেশ এবং সহায়তার জন্য আমাদের মতামত অনুসারে তারা কত কত টাকা খরচ করবে তা ওদেরকে জিজ্ঞেস করতে পারেন।

আইনী সাহায্য

আইনী সাহায্য এরজন্য কোন সীমাবদ্ধতা নেই কিন্তু আইনী সাহায্য মঞ্জুর করতে গিয়ে আমরা মামলার সম্ভাব্য খরচ নিয়ে ভাবতে পারি। আরও, কোন গুরুত্বপূর্ণ পরিবর্তন দেখলে আপনার সলিসিটার আমাদেরকে বলবে যাতে আপনার আইনী সাহায্য চালিয়ে যাওয়ার যৌক্তিকাতা আছে কি না তা আমরা স্থির করব।

যাইহোক, যখন আপনার সলিসিটার আমাদেরকে রসিদ পাঠাবেন তখন তার কাজের যার জন্য পরিবর্তন করেছেন তা প্রয়োজনীয় এবং যুক্তিযুক্ত কি না তা আমাদেরকে দেখাতে হবে।

উপদেশ এবং সহায়তা, এবং আইনী সাহায্য

মামলা (কেস) কিভাবে চালিয়ে যেতে হবে তা নির্ভর করবে আপনি ও আপনার সলিসিটার এর উপর। মনে রাখবেন আপনি যতবার প্রশ্ন নিয়ে তাদেরকে যোগাযোগ করবেন তারা আপনার জন্য কিছু করবে (চিঠি লেখা, মিটিং বা টেলিফোন করা), ততবারই আপনার মামলার খরচ বাড়বে। মামলায় খরচ যখন আপনাকে দিতে হতে পারে, সলিসিটারকে জিজ্ঞেস করে জেনে নিন আপনার মামলার সম্ভাব্য খরচ কত বা খরচের পরিবর্ত্তনের সঙ্গে মামলা অগ্রসর হবে কি না। এই খরচ একজন ব্যাক্তিগতভাবে পেয়িং মক্কেল করবে এবং আমরা আপনাকে তা করতে সুপারিশ করি।

আপনার মামলার সম্ভাব্য খরচ কত পড়বে তা সলিসিটারকে জিজ্ঞেস করলে আমাদের টাকা কম খরচ । আপনাকে লিগাল এইডে যদি কোন অনুদান দিতে হয় তবে আমরা আপনার মামলার খরচকে (যা আপনার সলিসিটার নির্ধারিত করবে) নিয়ন্ত্রণ করতে পারি। কিন্তু নির্ধারিত টাকার চাইতে যদি মামলায় বেশী খরচ হয় আমরা নিম্নে বর্ণিত সূচকগুলির মধ্যে ব্যবধান টানবো ঃ

- অনুমান এবং অবদান যা আপনি আমাদের হিসাবমত দিতে পারবেন।
- অনুমান এবং প্রকৃত মামলার খরচ।

আপনি তখন দুইটির মধ্যে কম টাকাটা দিতে পারবেন।

আপনি আমাদেরকে কত টাকা দিয়েছেন তারচাইতে যদি মামলায় কম খরচ হয় বা আপনার বিবাদী যদি আমাদেরকে কিছু টাকা দেয় তবে আপনার কিছু অনুদান ফিরে পাবেন।

7. এরজন বিবাদীর খরচ প্রদান

কোনো কোনো সময় কোর্ট আপনাকে বিবাদীর খরচ দেওয়ার জন্য আদেশ করবে, অথবা আপনি নিজে থেকে খরচ দিতে রাজী হতে পারেন। আপনার দেনা টাকাটা কিছু কমিয়ে দেওয়ার জন্য কোর্টকে বলতে পারেন। কোর্ট নিম্নরূপ সূচকগুলি বিবেচনা করে সিদ্ধান্ত করবে যে আপনার কি দেওয়া যৌক্তিক।

- মামলার সব পারিপার্শ্বিক অবস্থা
- আপনার এবং আপনার বিবাদীর অর্থনৈতিক অবস্থা
- আপনারা উভয়েই যেভাবে মামলা চালিয়ে গেছেন। কোর্ট যা স্থির করবে আপনাকে তা দিতেই হবে; এটা কিছু নাও হতে পারে। এই ব্যাপারে বিশদ বিবরণ সলিসিটারকে জিজ্ঞেস করে জেনে নিন।

বিবাদীর রসিদ (খরচ) নিয়ে প্রশ্ন করার অধিকার আপনাকে আইন দিয়ে । আপনাকে যত দিতে বলা হবে তাতে যদি আপনি খুশি না হন আপনি সেরিফ কোর্ট এর অডিটারকে জিজ্ঞেস করে কত দিতে হবে জেনে নিন। কোর্ট এর অডিটার একজন সতন্ত্র চাকুরে যে সলিসিটারের রসিদ দেখবে।

8. আমার দেওয়া খবরাখবর আপনি কিভাবে ব্যবহার করবেন?

আইনী সাহায্যের জন্য অনুদান করে আপনি প্রয়োজন মত বোর্ড আওতায় খবরাখবরগুলি আলোচনা করতে আমাদেরকে অনুমতি দিন। উদাহরণস্বরূপ, আপনার নিয়োগ করা ব্যক্তিকে নিয়ে আপনার রোজগার আমরা পরীক্ষা করতে পারি অথবা কাজ এবং পেনশন এর জন্য আপনার দাবী করা সুবিধাগুলিকে আমরা পরীক্ষা করতে পারি।

ল্য সসাইটি অব স্কটল্যান্ড দ্বারা এলোমেলো (রেনডম) গুনমাণ পরীক্ষার এর জন্য সলিসিটারস্ যারা ল' সোসাইটির প্রতিনিধিত্ব করে তারা আপনার আবেদন পত্রের খবরাখবর দেখবে।

মানুষের দেওয়া খবরাখবর সম্বন্ধে জানতে গিয়ে আমরা আইনকর্তৃক খুব যত্নবান। আইনী সাহায্য এর জন্য আবেদন পত্রে আমরা তথ্য দিয়ে থাকি যদি আবেদক রাজি হয় বা যদি আইন আমাদেরকে বাধ্য করে। যাক, আপনার মামলার ব্যাপারে আমাদের সঙ্গে যোগাযোগ করতে যদি আপনি আপনার **MSP** এর মত কাউকে জিজ্ঞেস করেন আমরা মনে করব যে, আপনি ওদের সঙ্গে এই ব্যাপারে আলোচনা করতে আমাদেরকে অনুমতি দিয়েছেন। কিছু খবরাখবর ব্যক্তিগত এবং গুপ্ত রাখতে গিয়ে আমাদের কর্ত্তব্য আছে এবং ডাটা প্রটেকশন এবং তথ্যের অধিকার আইনের এর আওতায় অন্যান্য খবরাখবর সরবরাহ করা আমাদের কর্তব্য। উদাহরণস্বরূপ, অন্য ব্যক্তিগত তথ্যাদি আমরা দিতে পারি না। কিন্তু আপনার বিষয়ে যে তথ্য রাখি তা জানার আপনার অধিকার আছে, এবং আমরা আইনী সাহায্য সম্বন্ধে যে খবর রেকর্ড করি রাখি বা আমরা কিভাবে কাজ করি তা জানার আপনার অধিকার আছে।

আপনি যদি ফোন করে তবে আপনার পরিচয় জানতে আমরা তথ্য ব্যবহার করি। আমাদের কাজের ধারার মধ্যে যাতে কোন পক্ষপাতিত্ব না থাকে এবং সবার জন্য আমরা যাতে সমান সুযোগ প্রদান করতে পারি তারজন্য আমরা কিছু তথ্য ব্যবহার করতে পারি ।

আমাদেরকে দেওয়া তথ্য আমরা কিভাবে ব্যাবহার করি তারজন্য অধিকতর জানতে চাইলে দয়া করে আমাদের পুস্তিকা তথ্যের প্রবেশাধিকার পড়ুন - যা ব্যাখ্যা করে:

- আপনার সম্বন্ধে যে তথ্য আমরা রাখি তা আপনি কিভাবে পেতে পারেন।
- আপনার দেওয়া রাখা তথ্যকে আমরা কিভাবে পরিচালনা করব।
- অন্যান্য রেকর্ড এবং দফতরের খবরাখবর আপনি কিভাবে জানতে পারেন।

9. আপনি এবং আপনার সলিসিটার যেভাবে কাজ করেছেন তাতে যদি আমি অসন্তুষ্ট হই তবে কি হবে?

আমাদের **লিফলেট** *স্কটিশ আইনী সাহায্য বোর্ড নিয়ে অভিযোগ এবং টিপ্পনি* আরো বিশদ ভাবে আমাদের অভিযোগ পদ্ধতি ব্যাখ্যা করে। এটা আপনারা আমাদের কাছ থেকে পেয়ে যাবেন - (দয়া করে এই পুস্তিকার ভিতরের প্রচ্ছদের যোগাযোগের বিবরণ দেখুন)। অথবা আমাদের ওয়েবসাইট www.slab.org.uk তে পেয়ে যাবেন।

যদি আপনার সলিসিটারের বিরুদ্ধে কোনো নালিশ থাকে

আপনি সর্বপ্রথম তার সাথে কথা বলুন । তথাপি যদি আপনি পরিতুষ্ট না হন, আপনার উচিত ওই কার্যালয়ের সেই ব্যাক্তির সাথে কথা বলা, যিনি অভিযোগ সংক্রান্ত বিষয়গুলি দেখেন এবং তারাই আপনার সমস্যার সমাধান করার চেষ্টা করবেন ।

যদি আপনার অভিযোগ আইনী সহায়তা সংক্রান্ত হয় তাহলে আমরা চাইব এই বিষয় সংক্রান্ত কোনো চিঠিপত্র অথবা নোটের প্রতিলিপি আপনি আমাদেরকে পাঠাবেন ।

যদি আপনি এই পরিস্থিতি সম্পর্কে কোনো অসন্তোষ বোধ করেন, আপনি তাহলে স্কটিশ লিগাল কমপ্লেন কমিশনের সাথে যোগাযোগ করতে পারেন (এ বিষয়ে জানতে হলে পরে দেখুন)

যদি আপনার অভিযোগ আপনার উকিল সম্পর্কে হয় তাহলে

আপনি সর্বপ্রথম তার সাথে কথা বলুন। যদি আপনি এই পরিস্থিতি সম্পর্কে কোনো অসন্তোষ বোধ করেন, আপনি তাহলে স্কটিশ লিগাল কমপ্লেন কমিশনের সাথে যোগাযোগ করতে পারেন (এ বিষয়ে জানতে হলে পরে দেখুন)।

যদি আপনার অভিযোগ আইনি সহায়তা সংক্রান্ত হয় তাহলে আমরা চাইব এই বিষয় সংক্রান্ত কোনো চিঠিপত্র অথবা নোটের প্রতিলিপি আপনি আমাদেরকে পাঠাবেন।

স্কটিশ লিগাল কমপ্লেন কমিশনঃ

এই কমিশনটি আইন সংক্রান্ত পেশার উপর আত্মনির্ভরশীল নয় এবং এটি আইনী পেশায় নিযুক্ত ব্যাক্তির দ্বারা গঠিত কোনো পরিষেবা সংক্রান্ত অভিযোগ মোকাবিলা করেন। কমিশনের কাছে কোনো অভিযোগ দায়ের করবার জন্য আপনাকে কোনো মূল্য দিতে হবে না। এছাড়াও, কোনো পেশাদার সংগঠন (যেমন স্কটল্যান্ডের ল সোসাইটি অথবা ফ্যাকাল্টি অফ্ অ্যাডভোকেটস্) অশিষ্ট আচরণ এবং পেশাদারী শৃঙ্খলা সংক্রান্ত কোনো অভিযোগ কিভাবে পরিচালনা করেন সেটা কমিশন দেখতে পারেন এবং তাদের সুপারিশ বলবৎ করতে পারেন।

স্কটিশ লিগাল কমপ্লেন কমিশনের সাথে যোগাযোগ করুন. স্ট্যাম্প অফিস, 10-14 Waterloo Place, Edinburgh, EHI 3EG, দূরাভাষ নম্বর হলো, 0131 528 5111, ই-মেলের মাধ্যমে অনুসন্ধান করতে চাইলে লিখুন @scottishlegalcomplaints.org.uk অথবা এদের ওয়েবসাইট দেখুন www.scottishlegalcomplaints.org.uk.

আদালতের বিরুদ্ধে আপনার যদি কোনো অভিযোগ থাকেঃ

আদালতের বিরুদ্ধে অথবা আদালতের কোনো কর্মী যারা আপনার কেস দেখাশোনা করেছেন তাদের বিরুদ্ধে অভিযোগ করতে গেলে আপনাকে স্কটিশ কোর্ট সার্ভিস, Hayweight House, 23 Lauriston Street, Edinburgh, EH3 9DQ-এ যোগাযোগ করতে হবে. এদের দূরাভাষ নম্বর 0131 229 9200. অথবা এদের ওয়েবসাইট www.scotcourts.gov.uk -তে গিয়ে অভিযোগ পদ্ধতি সম্মন্ধে জানুন ।

যদি আপনার অভিযোগ বিচারক বা শেরিফের বিরুদ্ধে হয়ে থাকেঃ

বিচারক বা শেরিফের ব্যবহার সংক্রান্ত কোনো অভিযোগ থাকলে আপনি স্কটিশ সরকারকে লিখুন এই ঠিকানায়--Constitutional Law and Courts Directorate, Legal System Division, Courts and Administrative Justice Team, 2W St. Andrews House, Regent Road, Edinburgh, EH1 3DG।

10. উদাহরণ

উপদেশ এবং সাহায্য নিয়ে এখানে কিছু উদাহরণ (সেকশন 10.1) এবং আইনী সাহায্য (10.2)

বাজেয়াপ্ত সম্পত্তি এবং বিবাহবিচ্ছেদের ফলে নষ্ট হওয়া সম্পত্তি পুনরুদ্ধার করে।

10.1 উপদেশ এবং সাহায্য উদাহরণ

উদাহরণ 1- দুর্ঘটনার ফলে ক্ষতিপূরণ

দুর্ঘটনার ফলে স্থানীয় কাউন্সিলকে করতে সলিসিটার আপনাকে উপদেশ এবং সাহায্য প্রদান করলেন। ফলস্বরূপ কাউন্সিল আপনার ক্ষতিপূরণ বাবদ £ **5000** দিল। সেই £ **5000** কে আপনার অর্জিত সম্পত্তি বলে ধরা হয়।

এই উদাহরণেঃ

- আপনি ইতিপূর্বে আপনার সলিসিটারকে £ 50 দিয়েছিলেন
- মামলার খরচ বাবদ কাউন্সিল £750 দিতে রাজি হল, এবং দিল।
- আপনার সলিসিটারের রসিদ ছিল £900.

সেটা আপনার সলিসিটার এর রসিদের **£100** ছেড়ে দেয় যা আপনার অবদান বা কাউন্সিল এর দেওয়া খরচ বহন করবে না। আপনার অর্জিত সম্পত্তির £ **100** আপনাকে দিতে হবে, যতক্ষণ না পর্য্যন্ত আপনি আপনার কঠিন অবস্থা দেখাতে পারবেন সুতরাং আপনি কাউন্সিল এর দেওয়া **£4900** পেয়ে যাবেন।

উদাহরণ 2 - বিবাহের অবসান

আপনি এবং আপনার পতি/পত্নি বিবাহ অবসান ঘটাতে রাজি হয়েছেন। কোর্ট এর সাহায্য ছাড়া আপনার ব্যবস্থা করা হয়েছে। আপনার সলিসিটার আপনাকে উপদেশ এবং সাহায্যের মাধ্যমে আপনাকে বৈধ সাহায্য করেছে।

আপনার পতি/পত্নি আপনাকে **£10000** দিতে রাজি হয়েছে

প্রথমে আপনার পাওয়া **£5,259** বাদ হয়ে যাবে- অর্থাৎ আপনি কি দিতে বাধ্য তা স্থির করতে গিয়ে আমরা এই টাকা বাদ দেই। কিন্তু আপনি যেহেতু **£10000** পেয়েছেন আপনাকে **£4,741** দিতে বলা হতে পারে।

সলিসিটারের রসিদ **£1000** খরচে আপনার কোন অবদান নাই এবং আপনার পতি/পত্নি আপনার আইনী সাহায্য এর খরচ দিচ্ছে না। সুতরাং আপনাকে **£1000** দিতে হবে, যতক্ষন না পর্য্যন্ত আপনি আপনার অসুবিধা দেখাতে পারবেন।

10.2. আইনী সাহায্য উদাহরণ

উদাহরণ 1- কোন কিছুর বাজেয়াপ্তের কারনে অর্জিত সম্পত্তি।

আপনি যদি কোন দুর্ঘটনায় জড়িত হন বা জখম হন, তখন আপনি যে ব্যক্তিকে যুক্তিপূর্ণ ভাবেন ওর থেকে ক্ষতিপূরণ চেতে পারেন।
সে হয়ত, উদাহরণস্বরূপ, আপনার নিয়োগকর্তা বা স্থানীয় কাউন্সিল বা পথদুগঘটনা অন্য গাড়ীচালক হতে পারে। মামলা নিষ্পত্তি করতে বিবাদী থেকে পাওয়া যেকোন টাকাকে আমরা চিন্তা করে দেখব, দরকার হলে কোর্ট এর সাহায্য নেব।

উদাহরণস্বরূপঃ আপনি যদি **£15000** এর ক্ষতিপূরণ চান কিন্তু **£10000** টাকায় কোর্ট এর বাহিরে নিষ্পত্তি করেনেন আপনি পেয়ে যাবেন **£10000**

উদাহরণ 2 - বিবাহবিচ্ছেদ মামলায় সম্পত্তি অর্জন

আপনি যদি বিবাহবিচ্ছেদ মামলায় জড়িত হন এবং বাড়ী যদি উভয়ের মানে থাকে তখন কোর্ট কে জিজ্ঞেস করে বাড়ী শুধু আপনার নামে করে নিতে পারবেন। যদি কোর্ট রাজি হয় এবং আপনার পত্নি/পতির অংশ যদি আপনার নামে করে দেয়ে, আপনি সম্পত্তি পেয়ে যাবেন আপনার অর্জিত সম্পত্তির হিসাবঃ

- বাড়ীমূল্য £ **60000**
- বন্ধকী বাকী = £ **40000**
- বাড়ীর নেট মূল্য (মূল্য - বন্ধকী দেনা) = £ **20000**
- অর্জিত সম্পত্তির মূল্য (সামগ্রিক মূল্য / 2) = **£10000**

এই অর্থ এই যে আপনি পত্নি/পতির অর্ধেক এংশ পেয়েছেন এবং **1000** মূলের সম্পত্তি পেয়েছেন। যাক্ যেহেতু আপনার **£5,259** দেওয়ার কথা আপনার অর্জিত সম্পত্তির মূল্য কমে হবে £ **4,741**

উদাহরণ - 3 বিবাহবিচ্ছেদ মামলায় সম্পত্তি রক্ষা

আপনি যদি বিবাহ বিচ্ছেদ মামলার জড়িত হন, আপনার সঙ্গী কোর্টকে কে জিজ্ঞেস করে বাড়ীর অংশ ওদের নামে করে নিতে পারে। আপনি যদি এর বিরোধিতা করেন এবং বাড়ী ফিরে পান

তখন ক্লোব্যাক ফিগার হবে **£20000** পুনরায় আপনার যেহেতু **£5,259** দেওয়ার কথা আপনার রক্ষিত টাকা দাড়াবে **£14,741** সুতরাং আমার অর্জিত বা রক্ষিত টাকার নোট পরিমান কি আমাকে দিতে হবে?

তাহলে কি আমি উপরোক্ত উদাহরণে যে অর্থ পেয়েছি বা জিতেছি তা সর্বমোট আপনাদের দিতে হবে?

প্রয়োজন নাই, কারন উদাহরণে বর্ণিত সর্বোচ্চ টাকা যা আপনাকে দিতে হবে। উদাহরণ এই বুঝায় যে আপনি কোন অবদান করেন নি এবং আপনার বিবাদী আপনার খরচ দেয় না। আসল টাকা যা আপনাকে দিতে হবে তা নিম্নে বর্ণিত টাকার চাইতে কম।

- আপনার সলিসিটার কে আমরা যা টাকা দিয়েছি।
- আপনার অর্জিত বা রক্ষিত সম্পত্তির মূল্য।

উদাহরণস্বরূপ, যদি আপনার পাওয়া সম্পত্তির মূল্য **£10000** হয় এবং আমরা যদি আপনার সলিসিটারকে **£3000** দেই আপনি পাবেন **£7000** কিন্তু যদি আপনার পাওয়া সম্পত্তির মূল্য, যদি £ **5000** হয় এবং আমরা যদি আপনার সলিসিটারকে **£6000** দেই তখন আপনাকে দিতে হবে **£5000** এবং আপনি রেহাই অঙ্ক **£5,259)** (ছাড়া কিছু পাবেনা না। যদি আপনার অর্জিত সম্পত্তি টাকা না হয় (যেমন আপনি যে ঘরে থাকেন সে ঘর হতে পারে) আপনার সব টাকা সঙ্গে দিতে হবে না।

নিচের উদাহরণ ক্লোব্যাক থেকে রেহাই বুঝায়, এবং আরো বুঝায় যে আপনার বিবাদী আপনার খরচ দেয় না এবং আপনার নিকট থেকে কোন অবদান নাই।

উদাহরণ 4

বিবাহ বিচ্ছেদ মামলায় আপনার বাড়ীর শেয়ারের মূল্য= **£10000**

- ক্লোব্যাক থেকে রেহাই টাকা = **£5259**
- মোট অর্জিত বা রক্ষিত সম্পত্তি = **£4,741**

- আমরা যদি আপনার সলিসিটার এর রসিদের **£5000** দেই আমরা তা আপনার অর্জিত সম্পত্তি থেকে কমিয়ে দেব এর ফলে আপনি পেতে পারেন শুধুমাত্র **£5,259** এর রেহাই।

উদাহরণ 5

বিবাহবিচ্ছেদ চমামলায় আপনার বাড়ীর শেয়ারের মূল্য = **£5000**

ক্লোব্যাক থেকে রেহাই টাকা = **£5,259**

মোট অর্জিত বা রক্ষিত সম্পত্তি = £ **0.0**

আমরা যদি আপনার সলিসিটার এর রসিদের **£5000** দিয়ে দিতাম, তবে আমরা আপনার পাওয়া সম্পত্তি থেকে কিছুই কাটতাম না। আপনি পুরো **£5000** ফেরত পাবেন ।

যদি আপনার অর্জিত সম্পত্তি টাকা না হয় (যেমন আপনি যে ঘরে থাকেন সেই ঘর হতে পারে) আপনার সব টাকা আমাদিগকে তৎক্ষণাৎ একসঙ্গে দিতে হবে না। আমরা আপনাকে কিস্তিতে টাকা দেওয়ার ব্যবস্থা করে দিতে পারি। অন্যথায় সম্পত্তির উপর আমরা ষ্ট্যানডার্ড সিকিউরিটি প্রদান করতে পারি। (সেকশন **4.6** দেখুন)

পিছনের পাতা

এই লিফলেটটি অন্যান্য ভাষাতে অথবা ব্রেইলে, বড় ছাপার অক্ষরে অথবা সি-ডি-তে পেতে হলে আমাদের সঙ্গে যোগাযোগ করুন প্রথম পাতার ভিতরে দেওয়া ঠিকানায়।

এই লিফলেটটি রিভাইভ 75-এ ছাপা হয়েছে, যা 75% পুনর্প্রাপ্ত ফাইবার দিয়ে তৈরী।
এই পণ্যটি কার্বন নিউট্রাল®।
স্টিউয়ার্টস কালার প্রিন্টার, Edinburgh TT-CAC-002190 দ্বারা মুদ্রিত।